

বর্তমান

জর্জ টেলিগ্রাফের 'স্কিল ফেয়ার'



নিজস্ব প্রতিনিধি, কলকাতা: শনিবার 'স্কিল ফেয়ার'-এর আয়োজন করল দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট। নিজেদের দক্ষতা প্রমাণের জায়গা হিসেবে এই মেলায় মোট ৭০টি প্রোজেক্টকে সামনে আনেন প্রতিষ্ঠানটির পড়ুয়ারা। ইলেকট্রনিক্স, কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের পড়ুয়ারা এই মেলায় অংশ নেন। লেসার লাইট সিকিওরিটি সিস্টেম, স্মার্টফোন ব্যবহারে হোম অটোমেশন, 'লাই-ফাই' ব্যবহার করে নন-হ্যাকিং ডেটা ট্রান্সফার, হাইব্রিড গাড়ি, বাই-ফুয়েল বাইক, হোম সিকিউরিটি সিস্টেম, কোল্ড স্টোরেজ, নেস্জট জেনারেশন কম্পিউটার 'সাইবার গ্লাস' প্রভৃতি উদ্ভাবনকে হাজির করেন পড়ুয়ারা। বহু সংস্থার কর্তারা এদিনের প্রদর্শনী দেখতে হাজির ছিলেন। জর্জ টেলিগ্রাফের কর্তাদের দাবি, মেখার প্রকৃত চর্চা যে এখানেই হয়, তারই প্রমাণ এই মেলা।